# জেলা পরিষদ কার্যালয়

মেহেরপুর

(www.zpmeherpur.gov.bd)

স্মারক নং-জেপ/মেহের/ ২০২৫-

তারিখ ঃ ২০-০৮-২০২৫ খ্রিঃ।

## " নিয়োগ বিজ্ঞপ্তি "

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ (জেলা পরিষদ শাখা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর গত ১২-০৮-২০২৫ খ্রিঃ তারিখের স্মারক নং ৪৬.০০.০০০০.০৪২.১১.০১০.১৯.১৭৩৬ এর ছাড়পত্র মোতাবেক মেহেরপুর জেলা পরিষদের নিম্নলিখিত শূন্যপদে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে লোক নিয়োগ করার জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদন ফরমে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | জাতীয় বেতন স্কেল, ২০১৫ | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১। | হিসাব রক্ষক | টাকা ১১,০০০-২৬,৫৯০/- গ্রেড-১৩ | ১ (এক) টি | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে ২য় শ্রেণিতে স্নাতক ডিগ্রী। |
| ২। | সাঁটলিপিকার | টাকা ১১,০০০-২৬,৫৯০/- গ্রেড-১৩ | ১ (এক) টি | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং তৎসহ ইংরেজিতে দ্রুতলিপি প্রতি মিনিটে ১০০ শব্দ এবং এবং মুদ্রাক্ষরিক প্রতি মিনিটে ৫০ শব্দ এবং বাংলায় দ্রুতলিপি প্রতি মিনিটে ৭০ শব্দ ও মুদ্রাক্ষরিক প্রতি মিনিটে ৩৫ শব্দের যোগ্যতাসহ কম্পিউটার চালনায় প্রয়োজনীয় দক্ষতা থাকতে হবে এবং বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও বয়সসীমা শিথিলযোগ্য। |
| ৩। | সার্ভেয়ার | টাকা ৯,৩০০-২২,৪৯০/- গ্রেড-১৬ | ১ (এক) টি | সরকার কর্তৃক অনুমোদিত সার্ভে ইনস্টিটিউট হতে ডিপ্লোমা। |
| ৪। | ডুপ্লিকেটিং মেশিন অপারেটর-কাম-দপ্তরী | টাকা ৮,৮০০-২১,৩১০/- গ্রেড-১৮ | ১ (এক) টি | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা তৎসহ মেশিন চালানোর বাস্তব অভিজ্ঞতা। |
| ৫। | বার্তাবাহক | টাকা ৮,৫০০-২০,৫৭০/- গ্রেড-১৯ | ১ (এক) টি | অষ্টম শ্রেণি পাশ। |
| ৬। | অফিস সহায়ক | টাকা ৮,২৫০-২০,০১০/- গ্রেড-২০ | ৩(তিন) টি | অষ্টম শ্রেণি পাশ। |

আবেদনের শর্তাবলী ঃ

০১। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

০২। স্ব-হস্তে লিখিত আবেদনপত্র ব্যতীত গ্রহণযোগ্য হবে না।

০৩। সরকার কর্তৃক চাকুরির নির্ধারিত আবেদন ফরমে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মেহেরপুরকে সম্বোধন করে আগামী ২৫-০৯-২০২৫ তারিখের মধ্যে অফিস চলাকালীন জেলা পরিষদ, মেহেরপুর এ ডাকযোগে/সরাসরি পৌঁছাতে হবে। নির্ধারিত সময়ের পর কোন আবেদন পত্র গ্রহন করা হবে না। খামের উপর মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে। নির্ধারিত আবেদন ফরমটি জেলা পরিষদ, মেহেরপুর এর ওয়েবসাইট (www.zpmeherpur.gov.bd) এবং www.forms.gov.bd) ওয়েবসাইট হতে সংগ্রহ করা যাবে।

০৪। নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা ও চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

০৫। প্রার্থীর বয়সসীমা ২৫-০৯-২০২৫ খ্রি: তারিখে ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৬। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:

(ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ৪ (চার) কপি ৫×৫ সে.মি আকারের রঙ্গিন ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে। সত্যায়নকারী কর্মকর্তার নাম, পদবীযুক্ত স্পষ্ট সীল থাকতে হবে।

(খ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার প্রশাসক কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের মূল কপি।

(গ) শিক্ষাগত যোগ্যতা ও সকল অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সীল দ্বারা সত্যায়িত)।

(ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নামযুক্ত সীল দ্বারা চারিত্রিক সনদপত্রের মূলকপি ।

(ঙ) পরীক্ষার ফি বাবদ আবেদনের সাথে **'প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মেহেরপুর'** এর অনুকূলে ১-৩ নং ক্রমিকের জন্য অফেরতযোগ্য ২০০.০০ (দুইশত) এবং ৪-৬নং ক্রমিকের জন্য ১০০.০০ (একশত) টাকার পোস্টাল অর্ডার/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযোজন করতে হবে।

চলমান পাতা-০২

(চ) প্রত্যেক প্রার্থীর জন্য পদের নাম ও ঠিকানা সম্বলিত ১০/- টাকার ডাকটিকিট লাগানো ১ (এক) টি ১০"×৪.৫" আকারের ফেরত খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

৭। বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র এবং অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৮। চাকরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র দাখিল করতে হবে। এ ক্ষেত্রে আবেদন পত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

৯। সরকারি নীতিমালা মোতাবেক মেধাভিত্তিক ৯৩%, মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরঙ্গনার সন্তানদের জন্য ৫%, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ১%. এবং শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের জন্য ১% প্রার্থীদের জন্য কোটা সংক্রান্ত সরকারি বিধি বিধান অনুসরণ করা হবে। এ ক্ষেত্রে প্রার্থীকে তার কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে। অন্যথায় তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে।

১০। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিল এবং তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদপত্র, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদ, কম্পিউটার প্রশিক্ষণ এর প্রমাণস্বরুপ সকল সনদপত্র ও কোটা সম্পর্কিত প্রমাণক সনদপত্রের মূলকপি উপস্থাপন/দাখিল করতে হবে।

১২। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর যোগ্যতার পরিপন্থি বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন প্রকার আপত্তি উত্থাপন করা যাবে না।

১৩। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

১৪। বিগত ৩১-০৮-২০১৭ খ্রিঃ তারিখের দৈনিক বাংলাদেশ প্রতিদিন এবং দৈনিক মাথাভাঙ্গা পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে যে সকল আবেদনকারী আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।

১৫। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

20/06/২৫

মোঃ সামিউল হক
প্রধান নির্বাহী কর্মকর্তা(ভারপ্রাপ্ত)
জেলা পরিষদ, মেহেরপুর।

অনুলিপি (সদয় অবগতির জন্য) ঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা
৩। রেঞ্জ ডিআইজি, বাংলাদেশ পুলিশ, খুলনা
৪। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা

অনুলিপি (সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য) ঃ

১। জেলা প্রশাসক, মেহেরপুর
২। পুলিশ সুপার, মেহেরপুর
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ,............................ (সকল)
৪। সিভিল সার্জন, মেহেরপুর
৫। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/এলজিইডি/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/সড়ক ও জনপথ বিভাগ/শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, মেহেরপুর
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর
৭। প্রশাসক , মেহেরপুর পৌরসভা/গাংনী পৌরসভা
৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা, মেহেরপুর সদর/গাংনী/মুজিবনগর, মেহেরপুর
০৯। উপ-পরিচালক, সমাজ সেবা অধিদপ্তর/পরিবার পরিকল্পনা, মেহেরপুর
১০। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, মেহেরপুর
১১। জেলা শিক্ষা অফিসার/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মেহেরপুর
১২। জেলা রেজিস্ট্রার, মেহেরপুর
১৩। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, মেহেরপুর
১৪। প্রশাসক, জেলা পরিষদ, মেহেরপুরের গোপনীয় সহকারী (সম্মানিত প্রশাসক এর সদয় অবগতির জন্য)।
১৫। সম্পাদক,..............................................................(বিজ্ঞাপ্তটি ............................তারিখের মধ্যে ১ (এক) দিনের সংখ্যায় পত্রিকার ভিতরের পাতায় ৪ কলাম×১০ ইঞ্চি আকারে প্রকাশ করে পত্রিকার ৫ (পাঁচ) কপি এ কার্যালয়ে প্রেরণ করার জন্য তাঁকে অনুরোধ করা হলো)
১৬। নোটিশ বোর্ড, জেলা পরিষদ, মেহেরপুর